

Bilateral Meeting between Prime Minister and President of France on the sidelines of the G20 Leaders Summit

October 30, 2021

জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রী ও ফরাসী রাষ্ট্রপতির মধ্যে দ্বিপাক্ষিক বৈঠক

30 অক্টোবর, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ইতালীর রোমে জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে ৩০ অক্টোবর ফ্রান্সের রাষ্ট্রপতি মিঃ ইমান্যুয়েল ম্যাক্রোঁর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। উভয় নেতা ভারত ও ফ্রান্সের মধ্যে বিভিন্ন বিষয়ে কৌশলগত অংশীদারিত্বে সন্তোষ প্রকাশ করেন।

প্রধানমন্ত্রী সেপ্টেম্বরে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের বিষয়ে ইউরোপীয় ইউনিয়নের নতুন কৌশল সংক্রান্ত নীতিকে স্বাগত জানান। এই নীতি প্রণয়নে ফ্রান্সের রাষ্ট্রপতির নেতৃত্বদানকে তিনি ধন্যবাদ জানিয়েছেন। ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সহযোগিতার ক্ষেত্রে দুই নেতা তাঁদের অঙ্গীকার ব্যক্ত করেছেন। এই অঞ্চলে মুক্ত ও নিয়ম ভিত্তিক ব্যবস্থাপনা বজায় রাখার জন্য তাঁরা নতুন নতুন পন্থাপদ্ধতি উদ্ভাবনের সন্মানে গুরুত্ব দিয়েছেন।

উভয় নেতা সিওপি২৬ সম্মেলন নিয়ে আলোচনা করেছেন এবং জলবায়ু পরিবর্তনের সমস্যার সমাধানে আর্থিক সহায়তার বিষয় নিয়ে মতবিনিময় করেন।

শ্রী মোদী রাষ্ট্রপতি ম্যাক্রোঁকে শীঘ্র ভারতে আসার আমন্ত্রণ জানান।

রোম,

30 অক্টোবর, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.